

রাজ্যের টাকাতেই সাড়ে ১০ হাজার কিমি পথ, প্রচারে জোর নবান্নর

# ফেব্রুয়ারিতেই নতুন রাস্তা তৈরির কাজ

স্টাফ রিপোর্টার: সাড়ে ১০ হাজার কিলোমিটারের বেশি গ্রামীণ রাস্তা তৈরিতে তিন হাজার কোটি টাকা বরাদ্দ করেছে রাজ্য। আগামী মাসেই শুরু হয়ে যাবে নতুন রাস্তা তৈরির কাজ। রাজ্যের টাকাতেই যে সেই কাজ হবে তা এবার গ্রামের মানুষের কাছে তুলে ধরবে নবান্ন। আর এ বিষয়ে প্রচার করতে সমস্ত জেলাশাসককে নির্দেশ দেওয়া হয়েছে। রাস্তা তৈরির যে স্ট্যান্ডার্ড অপারেটিং প্রোসিডিওর তৈরি হয়েছে, সেখানে একথা উল্লেখ করা হয়েছে। মাইকিং থেকে বাড়ি বাড়ি প্রচারের উপর জোর দেওয়া হয়েছে প্রশাসনের তরফে। পঞ্চায়েত দফতর থেকে পৃথক পোর্টাল এবং অ্যাপ তৈরির

কথা বলা হয়েছে। কেন্দ্রের সাহায্য ছাড়াই সাড়ে ১০ হাজার কিলোমিটারের বেশি গ্রামীণ রাস্তা তৈরির সিদ্ধান্ত নিয়েছে রাজ্য। সেই কাজে ৩ হাজার কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। গত শনিবার মুখ্যসচিব এইচ কে দ্বিবেদীর উপস্থিতিতে এই সিদ্ধান্ত হয়েছে। সব জেলাশাসক ও পঞ্চায়েত দফতরের ইঞ্জিনিয়ারদের জানিয়ে দেওয়া হয়েছে, ১৮ মার্চের মধ্যে কাজ শুরু করার জন্য প্রয়োজনীয় 'ওয়ার্ক অর্ডার' দিয়ে দিতে হবে। কাজ শুরু থেকেই যাবতীয় কাজের খতিয়ান প্রচার করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। তাই সূচনা পর্বেই ভিত্তি প্রস্তর স্থাপনের অনুষ্ঠানের আয়োজন করার কথা বলা হয়েছে। স্থানীয়ভাবে

দিতে হবে ফ্লেক্স বা হোর্ডিং। যাতে এলাকার মানুষের কাছে বার্তা যায়, রাজ্য সরকার নিজের টাকায় এই রাস্তা তৈরি করছে। প্রসঙ্গত কেন্দ্রীয় সরকারও প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনায় রাস্তা নির্মাণের গাইড লাইনে লোগো-সহ এ ধরনের প্রচারের কথা বলেছে। নবান্নসূত্রে খবর, মোট ১০ হাজার ৬০০ কিলোমিটার রাস্তা তৈরি করা হবে। একই সঙ্গে ভাঙা রাস্তাও মেরামত হবে। রাস্তা তৈরির ক্ষেত্রে উপকরণের গুণমানের দিকেও কড়া নজর রাখতে হবে। কাজ শেষ হওয়া মাত্রই খরচের হিসেব নিকেশ-সহ ইউটাইলাইজেশন সার্টিফিকেট দিতে হবে বলেও নবান্নের তরফে জানানো হয়েছে।